রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/১৮ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

**এস.আর. ও. নং ২০৬-আইন/২০১৯।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর অধীনস্থ "১০০ শয্যাবিশিষ্ট যশোর জেনারেল হাসপাতাল-কে ২৫০ শয্যায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান ) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"কর্তৃপক্ষ"** অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;

(২) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(৩) **"তপশিল"** অর্থ এই বিধিমালার তপশিল;

(৪) **"নিয়মিতকরণ"** অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;

(৫) **"প্রকল্প"** অর্থ তপশিলে উল্লিখিত প্রকল্প;

(৬) **"প্রকল্পের কর্মচারী"** অর্থ প্রকল্পের কোনো পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকরিরত ছিলেন এইরূপ কোনো কর্মচারী;



**মূল্য ঃ** টাকা ৮.০০

(৭) **"প্রকল্পের চাকরিকাল"** অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোনো কর্মচারীর চাকরিকাল;

(৮) **"রাজস্ব বাজেটের পদ"** অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদ; এবং

(৯) **"সাময়িকভাবে পদায়নকৃত"** অর্থ প্রকল্পের কোনো কর্মচারীকে রাজস্ব বাজেটের কোনো পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।**—(১) প্রকল্পের কোনো কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা :—

(ক) তপশিলে বর্ণিত প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদে কর্মরত কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময়ে সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে;

(খ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকরির ধারাবাহিকতা থাকিলে; এবং

(গ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকরি সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারী অবসর-উত্তর ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে, ক্ষেত্রমত, অবসর-উত্তর ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিত করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ছুটিতে যাইবার বা বয়স উত্তীর্ণ হইবার বা মৃত্যুবরণের পূর্বের চাকরি সন্তোষজনক হইতে হইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোনো পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোনো পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে নিয়মিত করিতে হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ।**—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোনো কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকরি নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা :—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, সেইক্ষেত্রে বয়সের জ্যেষ্ঠতার ভিত্তিতে এবং বয়স একই সমান হইবার ক্ষেত্রে নির্ধারিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোনো কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে, সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। **প্রকল্পের চাকরিকাল গণনা।**—নিয়মিতকৃত কোনো কর্মচারীর প্রকল্পের চাকরিকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**তপশিল**

**[বিধি-২(৩) দ্রষ্টব্য]**

“১০০ শয্যাবিশিষ্ট যশোর জেনারেল হাসপাতালকে ২৫০ শয্যায় উন্নীতকরণ” শীর্ষক প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদসমূহের নাম ও পদের সংখ্যা :

| প্রকল্পের নাম | প্রকল্প আরম্ভ ও সমাপ্ত হইবার তারিখ | পদের বিবরণ | পদ সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১০০ শয্যাবিশিষ্ট যশোর জেনারেল হাসপাতাল-কে ২৫০ শয্যায় উন্নীতকরণ প্রকল্প | শুরু: জুলাই, ১৯৯৪<br>সমাপ্ত: জুন, ১৯৯৮ | সিনিয়র কনসালটেন্ট (চক্ষু) | ০১(এক) টি |
| | | জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন) | ০১(এক) টি |
| | | জুনিয়র কনসালটেন্ট (প্যাথলজি) | ০১(এক) টি |
| | | আবাসিক সার্জন | ০১(এক) টি |
| | | সহকারী রেজিস্ট্রার | ০৬(ছয়) টি |
| | | ইমার্জেন্সি মেডিকেল অফিসার | ০১(এক) টি |
| | | মেডিকেল অফিসার | ০৪(চার) টি |
| | | মেডিকেল টেকনোলজিস্ট (রেডিওগ্রাফি) | ০১(এক) টি |
| | | হিসাব রক্ষক | ০১(এক) টি |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| | | স্টেনো টাইপিস্ট | ০১(এক) টি |
| | | স্টুয়ার্ড | ০১(এক) টি |
| | | কার্ডিওগ্রাফার | ০১(এক) টি |
| | | ওয়ার্ড মাস্টার | ০১(এক) টি |
| | | ড্রাইভার | ০১(এক) টি |
| | | অফিস সহকারী | ০১(এক) টি |
| | | রেকর্ড কিপার | ০১(এক) টি |
| | | টেলিফোন অপারেটর | ০১(এক) টি |
| | | সহকারী হিসাব রক্ষক | ০১(এক) টি |
| | | ইলেকট্রিশিয়ান | ০১(এক) টি |
| | | টেইলার/দর্জি | ০১(এক) টি |
| | | ক্যাশ সরকার | ০১(এক) টি |
| | | স্টেরিলাইজার মেশিনম্যান | ০১(এক) টি |
| | | জমাদ্দার/সরদার | ০১(এক) টি |
| | | নিরাপত্তা প্রহরী | ০৯(নয়) টি |
| | | অফিস সহায়ক | ১৩(তের) টি |
| | | আয়া | ০৯(নয়) টি |
| | | বাবুর্চি/সহকারী বাবুর্চি | ০৪(চার) টি |
| | | মালী | ০৩(তিন) টি |
| | | পরিচ্ছন্নতা কর্মী | ২০(বিশ) টি |
| | | **সর্বমোট =** | **৮৯(উননব্বই) টি** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd